

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
আন্তর্জাতিক সংস্থাসমূহ শাখা
ঢাকা

সরকারি পত্র নং: ১৯.০০.০০০০.২২৫.৩১.১৩০.২১/১০৬

১৩ মার্চ ২০২২

প্রেরকঃ জনাব মোঃ জিয়াউর রহমান
সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থাসমূহ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোহাম্মদ জোবায়েদ হোসেন
পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


বিষয়ঃ আগামী ২২-২৩ মার্চ ২০২২ তারিখে পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিতব্য ওআইসি-এর পররাষ্ট্র মন্ত্রীগণের ৪৮তম সম্মেলন (সিএফএম)-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোহাম্মদ জোবায়েদ হোসেন, পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি অনুমোদন।

আদিষ্ট হয়ে নিম্নস্বাক্ষরকারী আগামী ২২-২৩ মার্চ ২০২২ তারিখে পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিতব্য ওআইসি-এর পররাষ্ট্র মন্ত্রীগণের ৪৮তম সম্মেলন (সিএফএম)-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য জনাব মোহাম্মদ জোবায়েদ হোসেন, পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর অনুকূলে সরকারি অনুমোদন জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২১ মার্চ ২০২২ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ইসলামাবাদের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সভা সমাপনান্তে আগামী ২৪ মার্চ ২০২২ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে ইসলামাবাদ ত্যাগ করবেন;
- সফরকালীন সময়ে আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে;
- সভায় যোগদানকালীন আপনি বেতন-ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- উক্ত আলোচ্য সভায় অংশগ্রহণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেট বরাদ্দের ১১৮০১০১১০৪১২৫-৩২৪৪১০১ খাত ও উপখাত হতে নির্বাহ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



১৬.০৬.২২
(মোঃ জিয়াউর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং: ০২২২৩৩৮৬৭১২
ইমেইল: io2@mofa.gov.bd

সরকারি পত্র নং: ১৯.০০.০০০০.২২৫.৩১.১৩০.২১/১০৬

১৩ মার্চ ২০২২

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ০১। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থাসমূহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/ পররাষ্ট্র প্রতিনিধীর দপ্তর/ সংস্থাপন/ অর্থ-১/ অর্থ-২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সহকারী সচিব (সংস্থাপন-১/আইসিটি/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৬। অফিস নথি।


(মোঃ জিয়াউর রহমান)
সিনিয়র সহকারী সচিব